

2nd Foreign Office Consultations between India and Mozambique

July 04, 2022

ভারত এবং মোজাম্বিকের মধ্যে দ্বিতীয় বিদেশ দপ্তর পরামর্শ

জুলাই 04, 2022

ভারত এবং মোজাম্বিকের মধ্যে দ্বিতীয় দফার বিদেশ দপ্তর পরামর্শ (এফওসি), 04 জুলাই 2022 তারিখে নিউ দিল্লীতে অনুষ্ঠিত হয়েছে। ভারতের তরফে নেতৃত্ব দিয়েছেন শ্রী পুনীত আর কুন্ডল, যুগ্ম সচিব(পূর্ব ও দক্ষিণ আফ্রিকা) এবং মোজাম্বিকের তরফে নেতৃত্ব দিয়েছেন মোজাম্বিকের পররাষ্ট্র বিষয়ক এবং সহযোগিতা মন্ত্রকের এশিয়া এবং ওশেনিয়ার নির্দেশক শ্রী ইসমাইল ভালিগী।

2. এফওসি চলাকালীন, উভয় প্রতিনিধিদল রাজনৈতিক আদানপ্রদান, উন্নয়ন অংশীদারিত্ব প্রকল্প, প্রতিরক্ষা এবং সুরক্ষা সহযোগিতা, বাণিজ্য এবং আর্থিক বিষয়সমূহ, কনসুলার বিষয় ও কৃষি, ক্রীড়া, স্বাস্থ্য ইত্যাদির মত ক্ষেত্রে সহযোগিতাকে ঘিরে বহুমুখী দ্বিপাক্ষিক সম্পর্কের পর্যালোচনা করেছেন। দুই পক্ষ জনগণের সাথে জনগণের আদানপ্রদান এবং সাংস্কৃতিক সহযোগিতাকে বৃদ্ধি করতে সম্মত হয়েছেন।

3. 2023-24 মেয়াদকালে রাষ্ট্রসঙ্ঘের নিরাপত্তা পরিষদে অস্থায়ী সদস্য হিসেবে নির্বাচিত হবার জন্য ভারতীয় পক্ষ মোজাম্বিককে অভিনন্দন জানিয়েছে। তারা রাষ্ট্রসঙ্ঘে, সাউথ আফ্রিকান ডেভেলপমেন্ট করপোরেশন(এসএডিএসি), এবং আফ্রিকান কন্টিনেন্টাল ফ্রি ট্রেড এরিয়া(এএফসিএফটিএ) -তে সহযোগিতা সহ পারস্পরিক স্বার্থের আন্তর্জাতিক ঘটনাবলী এবং সমস্যাগুলি নিয়ে নিজেদের মধ্যে মত বিনিময় করেছেন।

4. উভয়পক্ষ অংশীদারিত্বকে প্রাণবন্ত রাখতে ও পারস্পরিক হিত রক্ষার্থে উচ্চস্তরের রাজনৈতিক আদানপ্রদান এবং যৌথ প্রাতিষ্ঠানিক কর্মপন্থার নিয়মিত বৈঠক চালিয়ে যেতে সম্মত হয়েছেন।

5. একটি সৌহার্দ্যপূর্ণ এবং আন্তরিক পরিবেশে আলোচনাগুলি অনুষ্ঠিত হয়েছে। পারস্পরিক সুবিধাজনক একটি তারিখে মাপুতোতে পরবর্তী দফার পরামর্শটি অনুষ্ঠিত করার জন্য উভয়পক্ষ সম্মত হয়েছেন।

নিউ দিল্লী

জুলাই 04, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.